

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূল্য সংযোজন কর)
বিশেষ আদেশ

তারিখঃ ২৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/১৩ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়: শিরনামা সংখ্যা ২৭.১১ এর আওতাধীন “এলপি গ্যাস” এর উৎপাদন পর্যায়ে ৭.৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ০২/মুসক/২০২৫—যেহেতু, বর্তমানে এলপি গ্যাস বাসাবাড়ীতে রান্নার জ্বালানী, অটোগ্যাস স্টেশনে যানবাহনের জ্বালানী এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে জ্বালানী হিসাবে ব্যবহৃত হইয়া থাকে; এবং বর্তমানে গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি কর্তৃক সরবরাহকৃত প্রাকৃতিক গ্যাস অপ্রতুল হওয়ার কারণে গার্মেন্টসসহ বিভিন্ন প্রকার শিল্প কারখানায় এলপি গ্যাস এর চাহিদা প্রতিনিয়ত বৃদ্ধি পাইতেছে;

সেহেতু, এলপি গ্যাস এর উৎপাদন ও ব্যবহার সহজলভ্য করিবার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, এলপি গ্যাস (শিরনামা সংখ্যা ২৭.১১) এর উৎপাদন পর্যায়ে ৭.৫ শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। এই আদেশ ০৯ জানুয়ারি, ২০২৫ খ্রিঃ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৬৫)

মূল্য : টাকা ৪.০০